দৈনিক ইনকিলাব

তারিখ AUG 21 1999
পৃষ্ঠা ৭ কলাম ৩

40

## প্রাথমিক বিদ্যালয়টিতে প্রয়োজনীয় ভবন নির্মাণ ও শিক্ষক নিয়োগ করা হোক

সাতক্ষীরা জেলার দেবহাটা থানায় অবস্থিত উত্তর সখিপুর ১৩ নং বেসরকারী রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়টিতে কেবল একটি মাত্র শ্রেণীকক্ষে এই বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে।

উল্লেখ্য যে, এই প্রাথমিক বিদ্যালয়টিতে দেবহাটা থানার সখিপুর ইউনিয়নের উত্তর সখিপুর, পূর্বপাড়া, / ধোপাডাঙ্গা প্রভৃতি গ্রামের প্রায় ৩৮৮ জন ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে। কিন্তু এই ৩৮৮ জন ছাত্র-ছাত্রীর পড়াশুনার জন্য মাত্র ৪ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োজিত আছে। অর্থাৎ গড়ে প্রায় প্রতি ৯৭ জন ছাত্র-ছাত্রীর শিক্ষাদানের জন্য মাত্র ১ জন করে শিক্ষক-শিক্ষিকা নিয়োজিত রয়েছে, যা ছাত্র-ছাত্রীদের পরিপূর্ণভাবে জ্ঞান প্রদানের তুলনায় নিতান্তই অপ্রতুল। তাছাড়া এই প্রাথমিক বিদ্যালয়টিতে পাকা দেয়াল ও টিনের ছাদের তৈরী একটি মাত্র কক্ষে ছাত্র-ছাত্রীরা সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত এবং বেলা ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত এই দুই শিফটে ক্লাস করে থাকে। প্রাথমিক বিদ্যালয়টির অপর ১টি কক্ষের কেবল দেয়াল নির্মিত হয়েছে। কিন্তু টিনের ছাদ এখনো নির্মিত হয়নি। বিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চালানোর জন্য এই অর্ধনির্মিত কক্ষটির নির্মাণ কাজ সম্পন্ন করাসহ কমপক্ষে আরো একটি শ্রেণীকক্ষ, শিক্ষক-শিক্ষিকাদের জন্য অফিস কক্ষ, বাথরুম ও প্রয়োজনীয় আসবাবপত্রের দরকার। এছাড়া বিপুল সংখ্যক এই ছাত্র-ছাত্রীর সুষ্ঠু ও পরিপূর্ণভাবে শিক্ষাদানের জন্য বিদ্যালয়টিতে আরো কমপক্ষে ২ জন শিক্ষকের প্রয়োজন। আমরা তাই সঙ্গত কারণে সাতক্ষীরা জেলার দেবহাটা থানার উত্তর সখিপুর ১৩ নং রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টির প্রয়োজনীয় ভবন নির্মাণ, আসবাবপত্র ও শিক্ষক নিয়োগের বিষয়ে থানা শিক্ষা অফিসার, থানা পরিষদ ও শিক্ষা মন্ত্রণালয়সহ যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃঢ় ও সময়োপযোগী পদক্ষেপ কামনা করছি। সর্বোপরি 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়নের প্রস্তাব রাখছি।

—মোঃ জাহিদ হোসেন লোটাস,
ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয় প্রতিনিধি।